বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন
ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
www.sec.gov.bd

মুজিব শতবর্ষ MUJIB 100

সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/২২৫ তারিখঃ ০৮ পৌষ, ১৪২৭ বঙ্গাব্দ
২৩ডিসেম্বর, ২০২০ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

৭৫৪ তম কমিশন সভা অদ্য ২৩/১২/২০২০ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে ঃ-

০১. কমিশন অদ্যকার সভায় Trust Bank Limited এর ৪০০ (চারশত) কোটি টাকার Unsecured, Non-Convertible, Floating rate, Sub-ordinated Bond এর প্রস্তাব অনুমোদন করেছে। এ বন্ডটি সরকারি আর্থিক প্রতিষ্ঠান, মিউচুয়্যাল ফান্ড, ইন্সুরেন্স কোম্পানি, তালিকাভুক্ত ব্যাংক, সমবায় ব্যাংক, আঞ্চলিক রুরাল ব্যাংক, সংগঠন, ট্রাষ্ট, স্বায়ত্তশাসিত কর্পোরেশনসহ অন্যান্য যোগ্য বিনিয়োগকারীদেরকে প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে ইস্যু করা হবে। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে বিভিন্ন প্রতিষ্ঠান থেকে অর্থ উত্তোলন করে Trust Bank Limited এর Additional Tier-II মূলধন ভিত্তি শক্তিশালী করবে। এই বন্ডের প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১০,০০০,০০০/- (এক কোটি) টাকা। এই বন্ডের Trustee হিসাবে Green Delta Insurance Company Limited এবং Mandated Lead Arranger হিসাবে Standard Chartered Bank কাজ করছে।

০২. কমিশন সভায় Index Agro Industries Limited এর ৫০.০০ (পঞ্চাশ) কোটি টাকার মূলধন উত্তোলনের জন্য বুক বিল্ডিং পদ্ধতিতে ৮২,৫৩,৬৪৯ টি সাধারণ শেয়ার প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করার লক্ষ্যে সংশ্লিষ্ট কোম্পানির প্রসপেক্টাস প্রকাশ করার প্রস্তাব অনুমোদন করেছে। এক্ষেত্রে ৮২,৫৩,৬৪৯ টি সাধারণ শেয়ারের মধ্যে ৩৮,৯৩,২৬৫ টি সাধারণ শেয়ার নিজ নিজ বিডিং মূল্যে উপযুক্ত বিনিয়োগকারীর (Eligible Investors) নিকট ইস্যু করা হবে। উল্লেখ্য, উপযুক্ত বিনিয়োগকারী (Eligible Investors) দ্বারা এক্সচেঞ্জের Electronic Subscription System এ বিডিং এর মাধ্যমে উক্ত কোম্পানির শেয়ারের প্রান্ত সীমা (Cut-off) মূল্য ৬২/-(বাষট্টি) টাকায় নির্ধারিত হয়। অবশিষ্ট ৪৩,৬০,৩৮৪ টি সাধারণ শেয়ার ৫০/- (পঞ্চাশ) টাকা মূল্যে (প্রান্ত সীমা থেকে ২০% বাট্টায়) সাধারণ বিনিয়োগকারীর (অনিবাসী বিনিয়োগকারীসহ) নিকট ইস্যু করা হবে। এই IPO এর মাধ্যমে ৫০.০০ (পঞ্চাশ) কোটি টাকা পুঁজি উত্তোলন করে ভবন নির্মাণ, যন্ত্রপাতি ও উপকরণ ক্রয় এবং আইপিও খরচ খাতে ব্যয় করবে। কোম্পানিটির ৩০শে জুন, ২০১৯ সালের সমাপ্ত বছরের আর্থিক বিবরণী অনুযায়ী পুনঃমূল্যায়ন সঞ্চিতিসহ নীট সম্পদ মূল্য (NAV with revaluation reserve) ৪৫.০৩ টাকা এবং পুনঃমূল্যায়ন সঞ্চিতি ছাড়া নীট সম্পদ মূল্য (NAV without revaluation reserve) ৪৪.০৬ টাকা এবং বিগত ০৫(পাঁচ) বছরের অর্থ বছরের ভারিত গড় হারে শেয়ার প্রতি আয় (Weighted average EPS) ৭.০৭ টাকা। কোম্পানিটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে AFC Capital Limited এবং EBL Investments Limited.

23-12-2020

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব) ও মুখপাত্র